5. SUBMISSION OF EOI: Interested parties must submit their EOI in a sealed envelope clearly marked "Expression of Interest for Appointment of Developer – Baruipur Bloomfield City Project." The document must include:
* Company profile with details of promoters & directors.
* Incorporation documents, PAN & GST documents, Last 3 years Audited Accounts & Income Tax Return.
* Details of completed projects and ongoing projects.
* A preliminary conceptual proposal/approach on how they intend to handle the existing situation and complete the project and estimated additional financial contribution, if any, required from existing plot purchasers.
* The successful developer shall be expected to work strictly within the framework of the approved Resolution Plans and all statutory approvals.

Sealed Envelope for EOI may be sent to: Baruipur Bloomfield City Ltd, 422/1, Lake Gardens, Kolkata-700045
[Strictly no visits to the address above, only documents to be sent by Speed Post/Courier to above address.]

6. SITE VISIT & PRESENTATION
Interested applicants may inspect the project site on prior appointment with BBCL.
Shortlisted applicants may be invited to make a detailed presentation before the Board or any Committee constituted for the purpose.
BBCL reserves the right to seek clarifications, additional documents and revised proposals.

7. IMPORTANT DATES:
Start Date for EOI Application: July 25, 2026
Last Date for Submission of EOI Application: August 1, 2026
Presentation by Shortlisted Developers: To be communicated separately.

8. DISCLAIMER:
* This EOI is only an invitation to express interest and shall not be construed as a tender or request for proposal.
* BBCL reserves the absolute right to accept, reject or cancel the EOI process without assigning any reason.
* Submission of an EOI shall not create any contractual relationship between BBCL and any applicant.
* All costs incurred by applicants in preparation and submission of the EOI shall be borne solely by them.
* BBCL may modify, amend or withdraw the EOI process at any stage without incurring any liability.
* BBCL reserves the right to negotiate with one or more shortlisted applicants.
* The successful developer shall be required to execute definitive agreements in accordance with the approved Resolution Plan, applicable laws and terms approved by the competent authorities.

For & on Behalf of the Board of Directors of Baruipur Bloomfield City Ltd
Mrinal Saha,
Director,
DIN: 10371359, Contact No.: 9883324007
Email Address for communication: baruipurbloomfieldcityltd@gmail.com

উত্তমকুমারের প্রয়াণ দিবসে শ্রদ্ধাঞ্জলি মমতা ও অভিষেকের

কলকাতা ২৪ জুলাই (হি. স.)ঃ শুক্রবার বাংলা চলচ্চিত্র জগতের মহানায়ক উত্তমকুমারের প্রয়াণ দিবস। এই বিশেষ দিনে শ্রদ্ধা নিবেদন করলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন সমাজ মাধ্যম ফেসবুক পেজে তিনি লিখেছেন- চলচ্চিত্র জগতের প্রাণপুরুষ মহানায়ক উত্তমকুমারের প্রয়াণ দিবসে জানাই অন্তরের শ্রদ্ধা ও প্রণাম। মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশাপাশি মহানাযক় উত্তম কুমারের প্রযা়ণ দিবসে শ্রদ্ধা জানিয়েছেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। শুক্রবার তিনি সমাজ মাধ্যমে লেখেন, চলচ্চিত্র জগতের উজ্জ্বল নক্ষত্র মহানায়ক উত্তম কুমারের প্রয়াণ দিবসে বিনম্র শ্রদ্ধার্ঘ্য।

জয়নগররে ডাকাতির আগেই গ্রেফতার দুই জয়নগরে

নিজস্ব সংবাদদাতা,জয়নগর, ২৪ জুলাই ঃ আবার বড়সড় সাফল্য পেল বারুইপুর পুলিশ জেলার জয়নগর থানার পুলিশ টিম। জয়নগর থানার আই সি অমিত হালদারের নির্দেশে এস আই শান্তনু ঘোষ সহ জয়নগর থানার পুলিশ টিমের অতি তপরতায় গোপন সূড়ে খবর পেয়ে বৃহস্পতিবার রাতে জয়নগর থানার কাশীপুর এলাকা থেকে ডাকাতির আগেই দুই ব্যক্তিকে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসা হয়। ধৃত দুই ব্যক্তি সন্দেহজনক ভাবে ওই এলাকায় ঘোরাফেরা করছিল।তাদের গতিবিধি সন্দেহজনক হওয়ায় পুলিশ প্রথমে তাদের আটক ও পরে গ্রেফতার করে।ধৃত দুই ব্যক্তি হল - বিশ্বজি সরদার (৩৭),বাড়ি জয়নগর থানার দক্ষিন বারাশত গ্রাম পঞ্চায়েতের মাষটিকারি এলাকায় এবং নিতাই মন্ডল (৫৩),বাড়ি জয়নগর থানার দক্ষিন বারাশত গ্রাম পঞ্চায়েতের খাটসাড় এলাকায় । ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে ডাকাতির কাজে ব্যবহৃত একাধিক সরঞ্জাম। ধৃতদেরকে শুক্রবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হয়।

রাজ্যের সব পুর এলাকায় স্বচ্ছ মোবাইল অ্যাপ চালু করছে সরকার

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ রাজ্যের পুর পরিষেবাকে আরও প্রযুক্তিনির্ভর ও সর্বজনীন করে তুলতে রাজ্য সরকার চলতি মাসের শেষেই রাজ্যের সব পুর এলাকায় স্বচ্ছ মোবাইল অ্যাপ চালু করছে। ওই অ্যাপ ব্যবহার করে শহরাঞ্চলের বাসিঃদারা এবার মোবাইল ফোন থেকেই জমে থাকা আবর্জনা, জল জমা বা অপরিচ্ছন্নতার ছবি তুলে অভিযোগ জানাতে পারবেন। অভিযোগ জমা পড়ার দু'ঘণ্টার মধ্যেই সংশ্লিষ্ট পুরসভার দল ঘটনাস্থলে পৌঁছে ব্যবস্থা নেবে বলে পুর ও নগরোন্নযন় মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন ।বিধানসভায় পুর ও নগরোন্নয়ন দফতরের বাজেটের জবাবি ভাষণে তিনি জানান ৩১ জুলাইয়ের মধ্যে রাজ্যজুড়ে ওই অ্যাপ চালু হবে। পাশাপাশি সপ্তাহে তিন দিন 'মুখোমুখি' কর্মসূচির মাধ্যমে সরাসরি নাগরিকদের অভিযোগ শুনবেন বলে পুরমন্ত্রী জানিয়েছেন। পানীয় জল, নিকাশি ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় আগের সরকারের তীব্র সমালোচনা করে মন্ত্রী দাবি করেন, অম্রুত প্রকল্পে বিপুল অর্থ ব্যয়ের পরেও প্রায় ২৫ লক্ষ বাড়িতে এখনও জল সংযোগ পৌঁছায়নি। কোথাও পাইপ বসেনি, কোথাও ছোট ব্যাসের পাইপ বসানো হয়েছে, আবার কোথাও দূষিত জল সরবরাহ হচ্ছে। একইভাবে স্বচ্ছ ভারত মিশনের আওতায় বিপুল অর্থ ব্যয় হলেও শহরের বাইরে এখনও আবর্জনার পাহাড় রয়ে গিয়েছে বলে অভিযোগ করেন তিনি। একবছরের মধ্যে জমে থাকা আবর্জনা সরিয়ে ফেলার তিনি আশ্বাস দিয়েছেন। দু ঘণ্টার বাজেট আলোচনায় তৃণমূল কংগ্রেসের কানাইলাল আগরওয়াল, জাভেদ আহমেদ খান ও ফিরহাদ হাকিম, সিপিআইএম-এর মোস্তাফিজুর রহমান এবং বিজেপির তরুণজ্যোতি তিওয়ারি, সুদীপ কুমার মুখোপাধ্যায়, দিব্যেন্দু অধিকারী, ভারত কুমার ঝাওয়ার, অনুপ কুমার সাহা, সর্বরি মুখোপাধ্যায়, শঙ্কর সিকদার, কৌস্তভ বাগচি, পাপিয়া অধিকারী ও সঞ্জয় সিংহ আলোচনায় অংশ নেন। শেষে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জবাবি ভাষণ দেন। এরপর ২০২৬-২৭ অর্থবর্ষের পুর ও নগরোন্নয়ন দফতরের বাজেট প্রস্তাব ধ্বনিভোটে বিধানসভায় গৃহীত হয়।

রাজ্য সরকার মা আহার প্রকল্পে ভর্তুকির পরিমাণ বৃদ্ধি করেছে

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ সাধারন মানুষের কাছে খুব কম মূল্যে রান্না করা খাবার পৌঁছে দিতে রাজ্য সরকার মা আহার প্রকল্পে ভর্তুকির পরিমাণ বৃদ্ধি করেছে। আজ বিধানসভায নগর উন্নযন় ও পৌর বিষযক় দপ্তরের বাজেটের উপরে আলোচনার জবাবি ভাষণে দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন আগে প্লেট প্রতি গ্রাহককে পাঁচ টাকা এবং রাজ্য সরকার ভর্তুকি বাবদ পাঁচ টাকা দিত। বর্তমানে রাজ্য সরকারের ভর্তুকির হার বাড়িয়ে দশ টাকা করা হয়েছে বলে তিনি জানান। এছাড়া যে সব ক্যান্টিনে এখনও বসে হওয়ার জায়গা নেই সেখানে চেয়ার টেবিল এর ব্যবস্থা করা হবে বলে তিনি জানান। উল্লেখ্য রাজ্যে বর্তমানে স্বাস্থ্য প্রতিষ্ঠানে থাকা একশোটি সহ মোট ৩৯০টি ক্যান্টিন চালু রযেছে। এর মাধ্যমে প্রতিদিন প্রায ৮৫ হাজার ৮০০জন মানুষ উপকৃত হচ্ছেন। চলতি অর্থবছরে এই প্রকল্পের জন্য ১৩০ কোটি ৫০ লক্ষ টাকা প্রয়োজন বলে মন্ত্রী জানান।

জমি নিয়ে মারপিঠের ঘটনায় গ্রেপ্তার ১

নিজস্ব সংবাদদাতা,জয়নগর, ২৪ জুলাই ঃ জায়গা জমি নিয়ে প্রতিবেশীদের সাথে গন্ডগোল, বচসা ও মারপিঠের ঘটনায় গ্রেফতার এক জয়নগরে।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়,জয়নগরথানার দক্ষিন বারাশত গ্রাম পঞ্চায়েতের দক্ষিন বারাশত এলাকায় জমি জায়গা নিয়ে গন্ডগোল,বচসা ও মারপিঠের ঘটনা ঘটে বৃহস্পতিবার। গন্ডগোল ও মারপিঠের অভিযোগের ভিত্তিতে জয়নগর থানার দক্ষিন বারাশত বাজার এলাকা থেকে শুক্রবার সকালে গ্রেফতার করা হয় প্রণবেশ্বর দাস (৫৫) নামে এক ব্যক্তিকে।

টানা তিন দিন ধরে হাজিরা বিধায়কের পরিবারের

পুর নিয়োগ দুর্নীতি তদন্তে ইডির মুখোমুখি মদন মিত্রের স্ত্রী অর্চনা

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ পুর নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে এবার ইডির মুখোমুখি হলেন কামারহাটির বিধায়ক মদন মিত্রের স্ত্রী অর্চনা মিত্র। শুক্রবার সকালে তিনি ছোট ছেলে শুভরূপ মিত্রকে সঙ্গে নিয়ে কলকাতার সিজিও কমপ্লেক্সে অবস্থিত এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-র দপ্তরে হাজির হন। সকাল প্রায় ১১টা নাগাদ তাঁকে ইডি অফিসে প্রবেশ করতে দেখা যায়। তবে সাংবাদিকদের কোনও প্রশ্নের উত্তর না দিয়েই তিনি সরাসরি লিফটে উঠে যান। তদন্তকারী আধিকারিকরা তাঁকে জিজ্ঞাসাবাদ শুরু করেছেন বলে জানা গিয়েছে। পাশাপাশি মামলার সঙ্গে সম্পর্কিত যে নথিপত্র আনতে বলা হয়েছিল, সেগুলিও খতিয়ে দেখা হয় বলে সূত্রের খবর। এর আগে পুর নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে মদন মিত্রের স্ত্রী এবং দুই পুত্রকে তলব করে নোটিস পাঠিয়েছিল ইডি। সেই নির্দেশ মেনেই প্রথমে বুধবার ইডি দপ্তরে হাজির হন ছোট ছেলে শুভরূপ মিত্র। প্রায় ন'ঘণ্টা ধরে তাঁকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করেন তদন্তকারীরা। পরদিন, বৃহস্পতিবার হাজিরা দেন বড় ছেলে স্বরূপ মিত্র। তাকেও দীর্ঘ সময় ধরে জেরা করা হয়। বৃহস্পতিবারই স্বরূপ জানিয়েছিলেন, ইডির তলব অনুযায়ী শুক্রবার তাঁদের মা অর্চনা মিত্র তদন্তকারীদের সামনে হাজিরা দেবেন। সেই ঘোষণামতোই এদিন তিনি সিজিও কমপ্লেক্সে উপস্থিত হন। এই ঘটনাপ্রবাহের মধ্যে রাজনৈতিক মহলেও যথেষ্ট চর্চা শুরু হয়েছে। কয়েকদিন আগে ইডির নোটিস পাওয়ার পরই মদন মিত্র রাজনৈতিক অবস্থান বদল করে মমতা বন্দ্যোপাধ্যায়ের শিবির ছেড়ে ঋতব্রত শিবিরের সঙ্গে হাত

মেলান। সেই সময় বিষয়টি নিয়ে বিতর্ক তৈরি হলে মদন মিত্র মন্তব্য করেছিলেন, ইডির থেকে তিনি ' বেশি ভয় পান। পাশাপাশি তিনি জানিয়েছিলেন, তদন্তে পূর্ণ সহযোগিতা করবেন এবং তাঁর পরিবারের সদস্যরাও তদন্তকারী সংস্থার ডাকে সাড়া দেবেন। সেই প্রতিশ্রুতি অনুযায়ী একে একে পরিবারের সদস্যরা ইডির সামনে হাজিরা দিচ্ছেন। ইডি সূত্রে জানা গিয়েছে, টিটাগড় পুরসভায় নিয়োগ সংক্রান্ত দুর্নীতির তদন্তে উঠে এসেছে, মোটা অঙ্কের অর্থের বিনিময়ে প্রায় ১২৫ জনকে চাকরি দেওয়া হয়েছিল বলে অভিযোগ। সেই তদন্তের সূত্র ধরেই তদন্তকারীদের নজরে আসে কামারহাটির বিধায়ক মদন মিত্রের নাম। এরপর তাঁর বাড়ি, অফিস-সহ একাধিক ঠিকানায় তল্লাশি চালায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। তল্লাশির পাশাপাশি মদন মিত্রকেও এই মামলায় দীর্ঘ সময় ধরে জিজ্ঞাসাবাদ করা হয়। তদন্তকারীদের মূল লক্ষ্য, নিয়োগ প্রক্রিয়ার সঙ্গে কোনও আর্থিক অনিয়ম বা অবৈধ লেনদেনের যোগ ছিল কি না, তা খতিয়ে দেখা। সেই কারণেই মদন মিত্রের পরিবারের সদস্যদের কাছ থেকে বিভিন্ন আর্থিক নথি, ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য এবং প্রয়োজনীয় নথিপত্র চাওয়া হয়েছে বলে ইডি সূত্রে খবর। তদন্তকারীদের দাবি, আর্থিক লেনদেনের ধরণ বিশ্লেষণ করে পুরো ঘটনার সঙ্গে কারা জড়িত এবং অর্থের উৎস ও গন্তব্য কী ছিল, তা জানার চেষ্টা চলছে। সূত্রের খবর, এই মামলায় আগামী ২৯ জুলাই আবারও ইডির দপ্তরে হাজিরা দেওয়ার জন্য ডাকা হয়েছে মদন মিত্রকে। তার আগে পরিবারের তিন সদস্যের জিজ্ঞাসাবাদ থেকে পাওয়া তথ্য ও নথি বিশ্লেষণ করে তদন্তের পরবর্তী দিক নির্ধারণ করা হবে। পুর নিয়োগ দুর্নীতি মামলায় একের পর এক জিজ্ঞাসাবাদ ও নথি সংগ্রহের মাধ্যমে তদন্ত আরও গভীরে পৌঁছতে চাইছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এখন তদন্তের পরবর্তী পর্যায়ে নতুন কোনও তথ্য সামনে আসে কি না, সেদিকেই নজর রাজনৈতিক মহল থেকে প্রশাসনিক মহল-সবার।

হাইকোর্টে গুরুত্বপূর্ণ শুনানির আগেই এসএসসিতে বড় রদবদল, সরানো হল কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)-র আইনি লড়াইয়ে বড় পরিবর্তন ঘটল। একাধিক গুরুত্বপূর্ণ মামলার শুনানির মাঝেই কমিশনের পক্ষে দীর্ঘদিন সওয়াল করা আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁর পরিবর্তে এসএসসির নতুন আইনজীবী হিসেবে নিয়োগ করা হয়েছে ইন্দ্রনীল রায়কে। তাঁকে সহযোগিতা করবেন জুনিয়র আইনজীবী সুনীত রায়। ফলে এখন থেকে স্কুল সার্ভিস কমিশনের সমস্ত গুরুত্বপূর্ণ মামলায় আদালতে কমিশনের হয়ে সওয়াল করবেন নতুন এই আইনি দল। সূত্রের খবর, শুক্রবার কলকাতা হাইকোর্টে এসএসসির মেয়াদ উত্তীর্ণ প্যানেল সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ মামলার শুনানি ছিল। সেই শুনানির ঠিক আগের রাতে, অর্থা বৃহস্পতিবার, কমিশনের তরফে আইনজীবী পরিবর্তনের সিদ্ধান্ত কার্যকর করা হয়। এর ফলে শুক্রবারের শুনানি থেকেই কমিশনের হয়ে নতুন আইনজীবীরা আদালতে উপস্থিত থাকার কথা। এই পরিবর্তনকে ঘিরে প্রশাসনিক এবং আইনি মহলে ইতিমধ্যেই জোর চর্চা শুরু হয়েছে। জানা গিয়েছে, চলতি মাসেই আইএএস আধিকারিক দুষ্মন্ত নারিওয়ালাকে স্কুল সার্ভিস কমিশনের নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হয়েছে। দায়িত্ব গ্রহণের পর কমিশনের আইনি কৌশলেও পরিবর্তন আনার সিদ্ধান্ত নেন তিনি। সেই সিদ্ধান্তের অংশ হিসেবেই কমিশনের আইনজীবী বদলের পদক্ষেপ নেওয়া হয়েছে বলে প্রশাসনিক সূত্রের খবর। বর্তমানে এসএসসির চেয়ারম্যানের দায়িত্ব পালনের পাশাপাশি তিনি অন্যান্য প্রশাসনিক দায়িত্বও সামলাচ্ছেন। দুষ্মন্ত নারিওয়ালার প্রশাসনিক অভিজ্ঞতা দীর্ঘদিনের। বিধানসভা নির্বাচনের আগে তিনি রাজ্যের মুখ্যসচিবের দায়িত্বে ছিলেন। পরে সেই পদে মনোজ আগরওয়ালকে দায়িত্ব দেওয়া হলে দুষ্মন্ত নারিওয়ালাকে দিল্লিতে রাজ্যের রেসিডেন্ট কমিশনার হিসেবে পাঠানো হয়। বর্তমানে সেই দায়িত্বের পাশাপাশি স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান হিসেবেও তিনি কাজ করছেন। চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেওয়ার পর থেকেই কমিশনের প্রশাসনিক এবং আইনি কার্যক্রমে একাধিক পরিবর্তনের ইঙ্গিত মিলছিল। আইনজীবী পরিবর্তনের সিদ্ধান্তকে সেই ধারাবাহিকতারই অংশ বলে মনে করা হচ্ছে। উল্লেখযোগ্য বিষয় হল, কল্যাণ বন্দ্যোপাধ্যায় দীর্ঘদিন ধরে স্কুল সার্ভিস কমিশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ মামলায় কমিশনের হয়ে আদালতে সওয়াল করেছেন। শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ সংক্রান্ত একাধিক মামলায় তাঁর উপস্থিতি ছিল নিয়মিত। তবে বিধানসভা নির্বাচনের পর থেকে তাঁকে এসএসসির হয়ে আদালতে সওয়াল করতে আর দেখা যাচ্ছিল না। সেই পরিস্থিতির মধ্যেই আনুষ্ঠানিকভাবে তাঁকে দায়িত্ব থেকে সরিয়ে নতুন আইনজীবী নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বর্তমানে শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগে দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে স্কুল সার্ভিস কমিশনের বিরুদ্ধে একাধিক মামলা কলকাতা হাইকোর্টে বিচারাধীন। নিয়োগ প্রক্রিয়া, প্যানেলের বৈধতা, মেধাতালিকা এবং বিভিন্ন প্রশাসনিক সিদ্ধান্ত নিয়ে আদালতে নিয়মিত শুনানি চলছে। শুক্রবার যে মামলার শুনানি রয়েছে, তা মেয়াদ উত্তীর্ণ প্যানেল সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ মামলা। কমিশনের ভবিষ্য আইনি অবস্থান নির্ধারণের ক্ষেত্রেও এই মামলাকে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এই পরিস্থিতিতে নতুন আইনজীবী ইঃদ্রনীল রায় এবং তাঁর সহকারী সুনীত রায়ের উপরই এখন এসএসসির আইনি লড়াইয়ের গুরুত্বপূর্ণ দায়িত্ব এসে পড়েছে। চলমান বিভিন্ন মামলায় তাঁরা কী ধরনের আইনি কৌশল গ্রহণ করেন এবং আদালতে কমিশনের অবস্থান কীভাবে তুলে ধরেন, সেদিকেই নজর থাকবে শিক্ষা মহল, চাকরিপ্রার্থী এবং প্রশাসনিক মহলের। আইনজীবী বদলের এই সিদ্ধান্ত এসএসসির চলমান মামলাগুলিতে কোনও নতুন মোড় আনে কি না, তা আগামী দিনের আদালতের শুনানিতেই স্পষ্ট হবে।

নতুন কর নয়, রাজস্ব লিকেজ বন্ধেই জোর নবান্নের সব দপ্তরকে আয়ের রূপরেখা তৈরির নির্দেশ

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ সাধারণ মানুষের উপর নতুন করে করের বোঝা না চাপিয়েই রাজ্যের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে এবার রাজস্ব বৃদ্ধির পথে জোর দিল নবান্ন। সেই লক্ষ্যেই মুখ্যসচিব মনোজ আগরওয়ালের তরফে রাজ্যের সমস্ত দপ্তরকে বিস্তারিত পরিকল্পনা তৈরি করার নির্দেশ দেওয়া হয়েছে। কোন কোন ক্ষেত্রে রাজস্ব লিকেজ হচ্ছে, কীভাবে তা বন্ধ করা সম্ভব এবং অতিরিক্ত আয় বৃদ্ধির জন্য কী ধরনের পদক্ষেপ নেওয়া যেতে পারে, তার পূর্ণাঙ্গ ব্লুপ্রিন্ট জমা দিতে বলা হয়েছে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে। প্রশাসনিক সূত্রের দাবি, উন্নয়নমূলক প্রকল্পের গতি বজায় রাখতে এবং সরকারি কোষাগার আরও শক্তিশালী করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। নবান্ন সূত্রে জানা গিয়েছে, প্রতিটি দপ্তরকে শুধু বর্তমান পরিস্থিতির রিপোর্টই নয়, অতীতের রাজস্ব আদায়ের তথ্যও জমা দিতে বলা হয়েছে। আগের সরকারের আমলে সংশ্লিষ্ট দপ্তরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা কত ছিল, বাস্তবে কত টাকা আদায় হয়েছে এবং কোথায় কোথায় ঘাটতি থেকে গিয়েছে, তার বিস্তারিত হিসাবও চাওয়া হয়েছে। পাশাপাশি শেষ কবে সংশ্লিষ্ট কর বা ফি সংশোধন করা হয়েছিল, বর্তমানে কোন কোন খাতে রাজস্ব ফাঁকির সম্ভাবনা রয়েছে এবং সেই ফাঁকি রোধে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, তারও সুস্পষ্ট ব্যাখ্যা দিতে হবে প্রতিটি দপ্তরকে। বিশেষভাবে আবগারি, পরিবহণ, ভূমি ও ভূমিসংস্কার, পূর্ত এবং স্বাস্থ্য দপ্তরের উপর বা।তি গুরুত্ব দেওয়া হয়েছে। প্রশাসনের মতে, এই দপ্তরগুলিতে রাজস্ব বৃদ্ধির যথেষ্ট সম্ভাবনা রয়েছে। ফলে লিকেজ বন্ধ করা গেলে সরকারি আয়ের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেতে পারে। মুখ্যসচিবের পাঠানো নির্দেশিকার পর বিভিন্ন দপ্তর ইতিমধ্যেই নিজেদের অভ্যন্তরীণ পর্যালোচনা

শুরু করেছে এবং সম্ভাব্য সংস্কারমূলক পদক্ষেপ নিয়ে আলোচনা চলছে। নবান্নের দাবি, নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর মাত্র এক মাসের মধ্যেই বিভিন্ন দপ্তরে রাজস্ব লিকেজ রোধ করে অতিরিক্ত প্রায় এক হাজার কোটি টাকা রাজস্ব আদায় সম্ভব হয়েছে। প্রশাসনের মতে, এটি কেবল শুরু, আগামী দিনে আরও কার্যকর নজরদারি চালানো হলে রাজস্ব আদায়ের পরিমাণ আরও বা।তে পারে। অন্যদিকে, এই ইস্যুতে রাজনৈতিক চাপানউতোরও শুরু হয়েছে। বিজেপির অভিযোগ, আগের সরকারের আমলে রাজস্ব ফাঁকির সুযোগ ইচ্ছাকৃতভাবে তৈরি রাখা হয়েছিল এবং এর ফলে দীর্ঘদিন ধরে সরকারি কোষাগারের বিপুল ক্ষতি হয়েছে। দলের দাবি, এই বিষয়টিকে একটি বৃহ প্রাতিষ্ঠানিক দুর্নীতির উদাহরণ হিসেবে দেখা উচিত। সূত্রের খবর, সরকার ভবিষ্যতে একটি শ্বেতপত্র প্রকাশের কথাও বিবেচনা করছে। সেখানে কোন কোন খাতে রাজস্ব ফাঁকি হয়েছে, কীভাবে সেই ফাঁকির সুযোগ তৈরি হয়েছিল এবং তার ফলে রাজ্যের কত হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে, সেই তথ্য তুলে ধরা হতে পারে। প্রশাসনের এক কর্তার বক্তব্য, পরিবহণ দপ্তরেই বহু গা।রি কর বছরের পর বছর বকেয়া পড়ে রয়েছে। সেই বকেয়া করের সঙ্গে জরিমানার অঙ্ক যোগ করলে আদায়যোগ্য অর্থের পরিমাণ কয়েকশো কোটি টাকায় পৌঁছতে পারে। একইভাবে আবগারি দপ্তরেও রাজস্ব ফাঁকি রোধ করা প্রশাসনের কাছে বড় চ্যালেঞ্জ। সরকারের লক্ষ্য, নতুন কর আরোপ না করে বিদ্যমান ব্যবস্থার ফাঁকফোকর বন্ধ করে রাজস্ব আদায় বাড়ানো এবং সেই অর্থ উন্নয়নমূলক প্রকল্প ও জনকল্যাণমূলক কাজে ব্যয় করা।

লেকটাউনে ৬ কোটি টাকার সোনার বিস্কুট উদ্ধার, ভিন রাজ্যের দুই যুবক গ্রেপ্তার মিলল পুরনো নোটও

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ কলকাতার লেকটাউন এলাকায় বড়সড় সাফল্য পেল পুলিশ। লেকটাউনের বি ব্লকের লেকের সামনে থেকে বিপুল পরিমাণ সোনার বিস্কুট-সহ ভিন রাজ্যের দুই যুবককে গ্রেপ্তার করেছে লেকটাউন থানার পুলিশ। ধৃতদের কাছ থেকে মোট চারটি সোনার বিস্কুট উদ্ধার হয়েছে, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ৬ কোটি টাকা। পাশাপাশি তাঁদের কাছ থেকে উদ্ধার হযেছে পুরনো ১ ও ২ টাকার বেশ কিছু নোটও। এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকালে নিয়মিত টহলদারির সময় লেকটাউন থানার পুলিশ বি ব্লকের লেক সংলগ্ন এলাকায় দুই যুবককে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখতে পায়। দু'জনেরই পরনে ছিল একই রঙের রেনকোট এবং মাথায় হেলমেট। তাঁদের আচরণে সন্দেহ হওয়ায় পুলিশ এগিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করে। জেরায় সন্তোষজনক উত্তর না মেলায় তাঁদের আটক করা হয় এবং তল্লাশি চালানো হয়। তদন্তে জানা যায়, ধৃতদের নাম ভগিরথ জানা এবং অজিত মহিতা। ভগিরথ ওড়িশার বাসিন্দা, অন্যদিকে অজিতের বাড়ি মহারাষ্ট্রে। তল্লাশির সময় ভগিরথের কাছ থেকে চারটি সোনার বিস্কুট উদ্ধার করে পুলিশ। প্রতিটি বিস্কুটের ওজন প্রায় এক কেজি। উদ্ধার হওয়া মোট সোনার বাজারমূল্য প্রায় ৬ কোটি টাকা বলে প্রাথমিকভাবে অনুমান করা হয়েছে। এছাড়াও তাঁদের কাছ থেকে পুরনো ১ ও ২ টাকার নোটও উদ্ধার হয়েছে, যা তদন্তকারীদের কৌতূহল আরও বাড়িয়েছে। শুক্রবার সকালে সাংবাদিক বৈঠক করে এই ঘটনার বিস্তারিত জানান বিধাননগরের নগরপাল রাঠোর অমিত কুমার ভারত। তিনি জানান, ঘটনার সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে এবং ধৃতদের জিজ্ঞাসাবাদ চলছে। পুলিশের প্রাথমিক অনুমান, এই ঘটনায হাওয়ালা চক্রের যোগ থাকতে পারে।

ব্যারাকপুর থেকে বাবুঘাটে চালু হচ্ছে ওয়াটার ট্যাক্সি

ভাটপাড়া, ২৪ জুলাই (হি. স.) ঃ সড়কপথের যানজট কমানো এবং যাত্রীদের দ্রুত ও আরামদায়ক যাতায়াতের সুবিধা দিতে ব্যারাকপুর থেকে বাবুঘাট এবং মেটিয়াবুরুজ পর্যন্ত ওয়াটার ট্যাক্সি পরিষেবা চালুর ঘোষণা করলেন রাজ্যের পরিবহণ মন্ত্রী অর্জুন সিং। শুক্রবার ভাটপাড়ার গোলঘর পার্কে খুঁটি পুজোর অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এই ঘোষণা করেন। পরিবহণ মন্ত্রী জানান, গঙ্গাপথকে আরও কার্যকরভাবে ব্যবহার করে বিকল্প পরিবহণ ব্যবস্থা গড়ে তোলাই সরকারের লক্ষ্য। সেই উদ্দেশ্যেই ব্যারাকপুর থেকে বাবুঘাট ও মেটিয়াবুরুজ পর্যন্ত ওয়াটার ট্যাক্সি পরিষেবা চালু করা হবে। পাশাপাশি, দূরপাল্লার ভেসেল পরিষেবাও চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে, যাতে নদীপথে আরও বেশি সংখ্যক যাত্রী সহজে যাতায়াত করতে পারেন।মন্ত্রী বলেন, কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকায় প্রতিদিন সড়কপথে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। জলপথের আরও বেশি ব্যবহার হলে সড়কের উপর চাপ কমবে, যাত্রীদের সময়ও বাঁচবে। একই সঙ্গে পরিবেশবান্ধব এই পরিবহণ ব্যবস্থার মাধ্যমে নদীপথের সম্ভাবনাকেও কাজে লাগানো সম্ভব হবে। ওয়াটার ট্যাক্সি ও দূরপাল্লার ভেসেল পরিষেবা চালু হলে ব্যারাকপুর মহকুমা-সহ উত্তর ২৪ পরগনার বহু মানুষের যাতায়াতে নতুন দিগন্ত খুলবে বলে মনে করা হচ্ছে। পরিষেবা চালুর দিনক্ষণ ও রুট সংক্রান্ত বিস্তারিত তথ্য শীঘ্রই জানানো হবে বলে ইঙ্গিত দেন পরিবহণ মন্ত্রী।

নির্বাচন কমিশনের নিরাপত্তায় কড়া নজর লালবাজারের, শুরু 'সিকিউরিটি অডিট' বাড়বে সিসিটিভি ও পুলিশি নজরদারি

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৪ জুলাই ঃ বিধানসভা নির্বাচন শেষ হয়েছে কয়েক মাস আগেই। আগামী লোকসভা নির্বাচন এখনও প্রায় তিন বছর দূরে। তবে তার অনেক আগেই রাজ্যের নির্বাচন কমিশনের দপ্তরের নিরাপত্তা আরও শক্তিশালী করার পরিকল্পনা শুরু করেছে কলকাতা পুলিশ। নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ নথি, তথ্য এবং প্রশাসনিক কর্মকাণ্ডের নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে চলতি সপ্তাহ থেকেই কমিশনের দপ্তরে 'সিকিউরিটি অডিট' বা নিরাপত্তা পর্যালোচনার কাজ শুরু হয়েছে। লালবাজার সূত্রে খবর, শুধু কলকাতা পুলিশ নয়, এই নিরাপত্তা মূল্যায়নের কাজে পূর্ত দপ্তর-সহ একাধিক সরকারি বিভাগও অংশ নিচ্ছে। লক্ষ্য একটাই-সম্ভাব্য সমস্ত নিরাপত্তা ঘাটতি চিহ্নিত করে কমিশনের দপ্তরকে আরও সুরক্ষিত করে তোলা। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, বিধানসভা নির্বাচনের আগেই রাজ্যের নির্বাচন কমিশনের দপ্তর শিপিং কর্পোরেশনের নতুন ভবনে স্থানান্তরিত হয়। সেই ভবন থেকেই সফলভাবে বিধানসভা নির্বাচন পরিচালনা করা হয়েছে। বর্তমানে ওই ভবনের তৃতীয় তলায় রয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও), অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক এবং অন্যান্য শীর্ষ আধিকারিকদের অফিস। এখানেই সংরক্ষিত থাকে নির্বাচন সংক্রান্ত বহু গুরুত্বপূর্ণ নথি, তথ্যভান্ডার এবং প্রশাসনিক নথিপত্র। ফলে ভবনটির নিরাপত্তা যে অত্যন্ত গুরুত্বপূর্ণ, তা নিয়ে কোনও সংশয় নেই। পুলিশের একাংশের মতে, অতীতের অভিজ্ঞতাও নিরাপত্তা জোরদারের প্রয়োজনীয়তাকে সামনে এনেছে। নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন সময়ে কমিশনের দপ্তরের সামনে রাজনৈতিক কর্মসূচি, বিক্ষোভ এবং আঃদোলন হয়েছে। একাধিক ক্ষেত্রে আঃদোলনকারীদের কমিশনের দপ্তরে প্রবেশের চেষ্টার ঘটনাও সামনে এসেছে। সেই অভিজ্ঞতার ভিত্তিতেই ভবিষ্যতের সম্ভাব্য ঝুঁকি মাথায় রেখে আরও কঠোর নিরাপত্তা বলয় তৈরির পরিকল্পনা করা হয়েছে। বিধানসভা নির্বাচনের সময় কমিশনের দপ্তরের নিরাপত্তায় কলকাতা পুলিশের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীর সদস্যরাও মোতায়েন ছিলেন। নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর গোয়েন্দা দপ্তরের কর্তারা নির্বাচন কমিশনের নিরাপত্তা ব্যবস্থার পূর্ণাঙ্গ মূল্যায়নের সিদ্ধান্ত নেন। সেই পরিকল্পনারই অংশ হিসেবে এখন শুরু হয়েছে ' অডিট'। এই পর্যালোচনার মাধ্যমে ভবনের ভিতর ও বাইরে কোথায় কোথায় নিরাপত্তা ব্যবস্থার ঘাটতি রয়েছে, কোন জায়গাগুলিকে আরও সুরক্ষিত করতে হবে এবং কীভাবে আধুনিক প্রযুক্তির সাহায্যে নজরদারি আরও কার্যকর করা যায়, তা খতিয়ে দেখা হচ্ছে। লালবাজার সূত্রে জানা গিয়েছে, বর্তমানে নির্বাচন কমিশনের শীর্ষ আধিকারিকদের কক্ষের সামনে পুলিশি নিরাপত্তা রয়েছে। তবে নতুন পরিকল্পনায় শুধুমাত্র নির্দিষ্ট কক্ষ নয়, গোটা ভবনের নিরাপত্তা ব্যবস্থাকেই নতুন করে সাজানো হতে পারে। ভবনের কোন কোন অংশে অতিরিক্ত পুলিশকর্মী ও সশস্ত্র বাহিনী মোতায়েন করা প্রয়োজন, কতজন অফিসার এবং নিরাপত্তারক্ষী দায়িত্বে থাকবেন এবং জরুরি পরিস্থিতিতে কীভাবে দ্রুত প্রতিক্রিয়া জানানো হবে, সেই সমস্ত বিষয় বিশদভাবে পর্যালোচনা করছেন গোয়েন্দা বিভাগের কর্তারা। নিরাপত্তা ব্যবস্থায় প্রযুক্তির ব্যবহারেও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। সূত্রের খবর, ভবনের একতলার বাইরের অংশ থেকে শুরু করে অভ্যন্তরীণ করিডর, প্রবেশপথ, লিফট এলাকা এবং নির্বাচন কমিশনের অফিস সংলগ্ন প্রতিটি গুরুত্বপূর্ণ জায়গাকে সিসিটিভি ক্যামেরার আওতায় আনার পরিকল্পনা রয়েছে। প্রয়োজন হলে নতুন করে আরও উন্নত মানের নজরদারি ক্যামেরা বসানো হবে, যাতে ভবনের প্রতিটি কোণ সার্বক্ষণিক পুলিশের পর্যবেক্ষণে থাকে। এর ফলে সন্দেহজনক গতিবিধি দ্রুত চিহ্নিত করা এবং প্রয়োজনে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া অনেক সহজ হবে বলে মনে করছে প্রশাসন। এই নিরাপত্তা পরিকল্পনায় পূর্ত দপ্তরের ভূমিকাও গুরুত্বপূর্ণ। ভবনের কোথায় নতুন ক্যামেরা বসানো হবে, কীভাবে প্রয়োজনীয় কেবল ও বৈদ্যুতিক সংযোগ স্থাপন করা হবে এবং নিরাপত্তা অবকাঠামো উন্নয়নের জন্য কী ধরনের নির্মাণ বা পরিবর্তন প্রয়োজন, তা খতিয়ে দেখছেন পূর্ত দপ্তরের আধিকারিকরা। কলকাতা পুলিশের সঙ্গে সমন্বয় রেখে এই কাজ এগিয়ে নিয়ে যাওয়া হবে। শুধু ভবনের ভিতরের নিরাপত্তাই নয়, বাইরের নিরাপত্তা বলয়ও আরও শক্তিশালী করার পরিকল্পনা নেওয়া হয়েছে। ভবনে প্রবেশের ক্ষেত্রে নতুন করে কড়াকড়ি আরোপ করা যায় কি না, তা নিয়েও আলোচনা চলছে। শিপিং কর্পোরেশনের এই ভবনে নির্বাচন কমিশনের পাশাপাশি আরও একাধিক সরকারি ও বেসরকারি অফিস রয়েছে। প্রতিদিন বহু মানুষ বিভিন্ন প্রয়োজনে সেখানে যাতায়াত করেন। সেই পরিস্থিতিতে যাতে কোনও ব্যক্তি অপ্রয়োজনে বা অনুমতি ছাড়া নির্বাচন কমিশনের নির্দিষ্ট অংশে প্রবেশ করতে না পারেন, সেজন্য প্রবেশপথে নজরদারি বাড়ানো, পরিচয়পত্র যাচাই এবং দর্শনার্থীদের চলাচলের উপর আরও কঠোর নিয়ন্ত্রণ আরোপের পরিকল্পনা করা হচ্ছে। প্রশাসনের মতে, নির্বাচন কমিশনের মতো একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভবিষ্যতের যে কোনও নির্বাচনকে সামনে রেখে সংবেদনশীল তথ্য, প্রশাসনিক নথি এবং গুরুত্বপূর্ণ পরিকাঠামোকে সুরক্ষিত রাখতেই এই বিস্তৃত নিরাপত্তা পর্যালোচনা করা হচ্ছে।